

বরাবর

সচিব

মৎস্য ও প্রাণিসম্পদ মন্ত্রণালয়

বাংলাদেশ সচিবালয়, ঢাকা।

বিষয়ঃ পিএইচডি কোর্স সমাপনান্তে সহকারী পরিচালক (রিজার্ভ) পদে কর্মস্থলে যোগদান প্রসঙ্গে।

সূত্রঃ (১) মৎস্য ও প্রাণিসম্পদ মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকার পত্র নং-৩৩.০০.০০০০.১০৯.১৯.০০৫.১৯-৫৯৭
তারিখঃ ১৪/০৬/২০১৯ খ্রি।

(২) মৎস্য ও প্রাণিসম্পদ মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকার পত্র নং-৩৩.০০.০০০০.১০৯.১৯.০০৫.১৯-৩৮৭
তারিখঃ ২৮/০৮/২০২২ খ্রি।

উপর্যুক্ত বিষয় ও সূত্রের পরিপ্রেক্ষিতে, আমি নিম্নস্বাক্ষরকারী সহকারী পরিচালক (রিজার্ভ), মৎস্য অধিদপ্তর, মৎস্য ভবন, রমনা, ঢাকা দেশের অভ্যন্তরে এ মন্ত্রণালয়ের ১৪/০৭/২০১৯ খ্রি. তারিখের ৩৩.০২.০০০০.১০৯.১৯.০০৫.১৯.৫৯৭ সংখ্যক স্মারকে প্রেষণাদেশ প্রাপ্তি সাপেক্ষে ন্যাশনাল এগ্রিকালচারাল প্রোগ্রাম ফেজ-২ প্রকল্প এর আওতায় বাংলাদেশ কৃষি বিশ্ববিদ্যালয়, ময়মনসিংহে পিএইচডি কোর্সে অধ্যয়নের জন্য ২৮/১১/২০১৯ খ্রি. তারিখ ভর্তি প্রক্রিয়া সম্পন্ন করি। মৎস্য অধিদপ্তরের পত্র নং ৩৩.০২.০০০০.১০২.০১.০৫২.০২ (চম খন্ড)-১৪৫১, তারিখ: ০৫ ডিসেম্বর, ২০১৯ খ্রি. মোতাবেক উক্ত কোর্সে অধ্যয়নের জন্য অনুমতি প্রাপ্ত হয়ে ০৯/১২/২০১৯ খ্রি. তারিখ পিএইচডি কোর্স এ যোগদান করি। পরবর্তীতে এ মন্ত্রণালয়ের ২৮/০৮/২০২২ খ্রি. তারিখের ৩৩.০২.০০০০.১০৯.১৯.০০৫.১৯.৩৮৭ পত্র নং মোতাবেক আমার অনুকূলে মঞ্জুরিকৃত মূল প্রেষণের ধারাবাহিকতায় ২৮/১১/২০২২ খ্রি. হতে ২৭/০৫/২০২৩ খ্রি. তারিখ পর্যন্ত অতিরিক্ত ৬ (ছয়) মাস প্রেষণ মঞ্জুর করা হয়। আমার সুপারভাইজার প্রফেসর ড. মো: সামছুল আলম, ফিসারিজ বায়োলজি এন্ড জেনেটিক্স বিভাগ, বাংলাদেশ কৃষি বিশ্ববিদ্যালয়, ময়মনসিংহের সার্বিক তত্ত্বাবধানে “Impact of Fishing Ban on Species Diversity, Hilsa Production and Socioeconomic Status of Hilsa Fishers” শীর্ষক শিরোনামে পিএইচডি (PhD) কোর্স সম্পন্ন করি। সুপারভাইজার কর্তৃক পিএইচডি (PhD) কোর্স সফলভাবে সম্পাদনের প্রত্যয়নপত্র এবং ১ (এক) প্রস্ত গবেষণা অভিসন্দর্ভ এতদসঙ্গে সংযুক্ত হলো।

বর্ণিতাবস্থায়, আমি পিএইচডি কোর্স সফলভাবে সমাপ্ত করে অদ্য ২৮/০৫/২০২৩ তারিখ পূর্বাঙ্কে সহকারী পরিচালক (রিজার্ভ), মৎস্য অধিদপ্তর, মৎস্য ভবন, রমনা, ঢাকা হিসেবে মৎস্য ও প্রাণিসম্পদ মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকায় যোগদান করলাম। আমার যোগদানপত্র গ্রহণ করতে মহোদয় সমীপে অনুরোধ জানাচ্ছি।

তারিখঃ ২৮/০৫/২০২৩ খ্রি.

স্বাক্ষরিত/-

২৮/০৫/২০২৩

(মোসা: শামীমা ইয়াসমিন)

সহকারী পরিচালক (রিজার্ভ),

মৎস্য অধিদপ্তর, মৎস্য ভবন, ঢাকা।

স্মারক নম্বর-৩৩.০০.০০০০.১২৬.০৫.০২১.১৩-৩৪৯


০৫ আষাঢ় ১৪৩০ বাং
তারিখঃ ১৯ জুন ২০২৩ খ্রি.

অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুলিপি প্রেরণ করা হলো (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):

- ০১। সিনিয়র সচিব, জনপ্রশাসন মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
- ০২। মহাপরিচালক, মৎস্য অধিদপ্তর, মৎস্য ভবন, রমনা, ঢাকা (কর্মকর্তাকে পরবর্তী পদায়নের অনুরোধসহ)।
- ০৩। মন্ত্রীর একান্ত সচিব (যুগ্মসচিব), মৎস্য ও প্রাণিসম্পদ মন্ত্রণালয় (মন্ত্রী মহোদয়ের সদয় অবগতির জন্য)।
- ০৪। উপসচিব (প্রশাসন-৩), মৎস্য ও প্রাণিসম্পদ মন্ত্রণালয়, ঢাকা।
- ০৫। উপপরিচালক, বাংলাদেশ সরকারী মুদ্রণালয়, তেজগাঁও, ঢাকা (গেজেটের পরবর্তী সংখ্যায় প্রকাশের অনুরোধসহ)।

অপর পৃষ্ঠায় দৃষ্টব্য/০২

- ০৬। সচিবের একান্ত সচিব, মৎস্য ও প্রাণিসম্পদ মন্ত্রণালয় (সচিব মহোদয়ের সদয় অবগতির জন্য)।
- ০৭। চিফ একাউন্টস এন্ড ফিন্যান্স অফিসার, ঢাকা, মৎস্য ও প্রাণিসম্পদ মন্ত্রণালয়, এজিবি ভবন, সেগুনবাগিচা, ঢাকা।
- ০৮। সিস্টেম এনালিস্ট, মৎস্য ও প্রাণিসম্পদ মন্ত্রণালয়, ঢাকা, (মন্ত্রণালয়ের ওয়েবসাইটে প্রকাশের অনুরোধসহ)।
- ০৯। মোসা: শামীমা ইয়াসমিন, সহকারী পরিচারক (রিজার্ভ), মৎস্য অধিদপ্তর, মৎস্য ভবন, রমনা, ঢাকা।
- ১০। অতিরিক্ত সচিব (মৎস্য) এর ব্যক্তিগত কর্মকর্তা, মৎস্য ও প্রাণিসম্পদ মন্ত্রণালয় (অতিরিক্ত সচিব মহোদয়ের সদয় অবগতির জন্য)।



মো: হেমায়েত হোসেন
যুগ্মসচিব
ফোন নং-৯৫৭৭২৬২

[Faint, mostly illegible text from the reverse side of the page, including a table with columns for 'ক্র.সং.', 'বিষয়', and 'তারিখ'. Some legible words include 'মৎস্য', 'প্রাণিসম্পদ', 'সচিব', 'অধিদপ্তর', 'রিজার্ভ', 'সহকারী পরিচারক', 'ফোন নং-৯৫৭৭২৬২', 'সিস্টেম এনালিস্ট', 'চিফ একাউন্টস এন্ড ফিন্যান্স অফিসার', 'এজিবি ভবন', 'সেগুনবাগিচা', 'ঢাকা', 'মন্ত্রণালয়', 'ওয়েবসাইটে প্রকাশের অনুরোধসহ', 'অতিরিক্ত সচিব (মৎস্য)', 'ব্যক্তিগত কর্মকর্তা', 'মন্ত্রণালয়', 'অতিরিক্ত সচিব মহোদয়ের সদয় অবগতির জন্য']